

## 💵 তারুদীরঃ আল্লাহ্র এক গোপন রহস্য

বিভাগ/অধ্যায়ঃ তারুদীর বিষয়ে বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

তারুদীরের অর্থ

'আল-কাদার' (ٱلْقَدَرُ) বা তারুদীরের আভিধানিক অর্থঃ

'আল-কাদার' (اَلْقَدَنُ) শব্দটির 'দাল' বর্ণে যবর দিয়ে অথবা সাকিন করে দু'ভাবেই পড়া যায়। 'মুজমালুল্লুগাহ' (مجمل اللغة) অভিধান প্রণেতা বলেন, 'আল-কাদ্র' (الْقَدَنُ) অর্থঃ কোন কিছুর পরিধি, সীমা বা পরিমাণ। অনুরূপভাবে 'আল-কাদার' (الْقَدَنُ) এরও একই অর্থ। 'মু'জামু মাকায়ীসিল্লুগাহ' (معجم مقاييس اللغة) প্রণেতা বলেন, 'আল-কাদার' (الْقَدَنُ) শব্দটি কোন কিছুর পরিধি বা শেষ সীমানা নির্দেশ করে। তিনি বলেন, আল্লাহ কর্তৃক তাঁর ইচ্ছা অনুযায়ী সবকিছুর পরিমাণ, শেষ সীমা ইত্যাদি নির্ধারণ করার নাম 'আল-কাদ্র' (القَدَنُ) 'আল-কাদার' (القَدَنُ) ও একই অর্থে ব্যবহৃত হয়। ইবনে মান্যূর (রহেমাহুল্লাহ) লেহ্ইয়ানী (রহেমাহুল্লাহ) থেকে উল্লেখ করেন, যবর যোগে শব্দটি বিশেষ্য (السم) এবং সাকিন যোগে ক্রিয়ামূল (مصدر) হিসাবে ব্যবহৃত হয়।

তারুদীরের পারিভাষিক অর্থঃ

সবকিছু ঘটার আগেই সে সম্পর্কে আল্লাহ্র সম্যক জ্ঞান, সেগুলি লাউহে মাহফূযে লিপিবদ্ধ করণ, তদ্বিষয়ে তাঁর পূর্ণ ইচ্ছার সমন্বয় এবং অবশেষে সেগুলিকে সৃষ্টি করাকে তারুদীর বলে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15039

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন